

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

আদেশ

তারিখ: ১১ ডিসেম্বর ২০২৩


নং. বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৯৬/৭০:- যেহেতু, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (অতঃপর “কমিশন” বলিয়া বিবেচিত হইবে) এই মর্মে অবগত হইয়াছে যে, পুঁজিবাজারে তালিকাভুক্ত কতিপয় কোম্পানি বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ২০২২ (অতঃপর “বিধিমালা” বলিয়া বিবেচিত হইবে) এর বিধি ৩ এর উপ-বিধি (২) অনুযায়ী উল্লেখযোগ্য তথ্য এবং মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ নীতিমালা (Principles on Disclosure of Material Information and Price Sensitive Information) প্রস্তুত করিয়া, উক্ত বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার তারিখ হইতে ৩(তিন) মাসের মধ্যে, নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করিবার ক্ষেত্রে যে বাধ্যবাধকতা ছিল উহা যথাযথভাবে পরিপালনের নিমিত্ত সময় বর্ধন করা প্রয়োজন;

সেহেতু, পুঁজিবাজারের বৃহত্তর স্বার্থে এবং বিধিমালার যথাযথ পরিপালন নিশ্চিতকরণের লক্ষ্যে Securities and Exchange Ordinance, 1969 এর Section 20A- এ প্রদত্ত ক্ষমতাবলে কমিশন নিম্নোক্ত আদেশ প্রদান করিলঃ -

যেসকল কোম্পানি বিধিমালার বিধি ৩ এর উপ-বিধি (২) অনুযায়ী উল্লেখযোগ্য তথ্য এবং মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ নীতিমালা (Principles on Disclosure of Material Information and Price Sensitive Information) প্রস্তুত করিয়া নিজস্ব ওয়েবসাইটে অদ্যাবধি প্রকাশ করে নাই, সেসকল কোম্পানি উক্ত নীতিমালা ৩১ জানুয়ারী ২০২৪ এর মধ্যে নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করিবে।

এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে


অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম
চেয়ারম্যান।